৩৩

ভোরের কাগজ

তারিখ 27 DEC [illegible]
পৃষ্ঠা 2 কলাম ৩

# কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনকে সামাজিক আন্দোলনে পরিণত করার আহ্বান

কাগজ প্রতিবেদক : গত শুক্রবার অনুষ্ঠিত এক আলোচনা সভায় বক্তারা কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে দেশের যুব সমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তরের আহ্বান জানিয়েছেন। তারা দেশের সকল থানা ও জেলা সদরে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং এ কাজকে একটি সামাজিক আন্দোলনে রূপান্তরের তাগিদ দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কম্পিউটার সমিতির ; (ডিইউএসসিএ) উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সায়েন্স ক্যাফেটেরিয়ায় এ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমিতির সভাপতি মোঃ খায়রুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক র ই ম আমিনুর রশীদ, ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ডঃ মোঃ হোসেন মনসুর, কম্পিউটার বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ মোঃ আলমগীর হোসেন, একই বিভাগের অধ্যাপক ডঃ মোঃ আবদুল মোত্তালিব।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক র ই ম আমিনুর রশীদ বলেন, দেশের যুব সমাজকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার জন্য ডাটা প্রসেসিং এবং সফটওয়্যার তৈরির প্রশিক্ষণ দিতে হবে। এর মাধ্যমে দেশের ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভব। তিনি ভারতের সেমিকন্ডাক্টর টেকনোলজি থেকে শুরু করে ব্যাঙ্গালোরে কম্পিউটার সফটওয়্যার শিল্পের সমৃদ্ধির কথা প্রসঙ্গক্রমে উল্লেখ করেন। অধ্যাপক ডঃ মোঃ হোসেন মনসুর দেশের উন্নয়নের স্বার্থে নতুন প্রজন্মকে কম্পিউটারে প্রশিক্ষিত করার ওপর গুরুত্বারোপ করেন।

অধ্যাপক ডঃ মোঃ আব্দুল মোত্তালিব আলোচনা অনুষ্ঠানটিকে 'ঘুম ভাঙানোর গান' হিসেবে অভিহিত করে দেশে ব্যাপক সংখ্যক কম্পিউটার স্নাতক তৈরির আহ্বান জানান। ডঃ মোঃ আলমগীর হোসেন কম্পিউটার শিল্পে সাফল্য অর্জনের জন্য সকলের সম্মিলিত প্রয়াসের ওপর গুরুত্বারোপ করেন। সভাপতির বক্তব্যে মোঃ খায়রুজ্জামান চৌধুরী সমিতির উদ্দেশ্য ও লক্ষ্য তুলে ধরেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক উজ্জ্বল কুমার আচার্য।